MAR. 27 2001

দৈনিক জনকণ্ঠ

তারিখ ...
পৃষ্ঠা ...১... কলাম ...৮...

# ভর্তি কোটা নিয়ে বিরোধ ॥ বগুড়া আযিযুল হক কলেজের প্রধান ফটকে ছাত্রদের তালা

**বগুড়া, ২৬ মার্চ, নিজস্ব সংবাদদাতা ॥** বগুড়া আযিযুল হক বিশ্ববিদ্যালয় কলেজে অনার্স কোর্সে ভর্তি নিয়ে ছাত্র সংগঠনগুলোর সাথে কলেজ প্রশাসনের বিরোধে কলেজে অচলাবস্থার সৃষ্টি হয়েছে। ছাত্র নেতৃবৃন্দ তাদের দাবি আদায়ের জন্য কলেজের প্রধান ফটকে তালা ঝুলিয়ে দিয়েছে। জানা গেছে, কলেজের অনার্স কোর্সের ১৮টি বিভাগে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবার পর মেধাতালিকা অনুসারে দুই হাজার ছয় শ' ৫০ ছাত্রছাত্রী ভর্তি হলেও প্রায় সাড়ে ৭শ' আসন শূন্য থাকে। আর এই শূন্য আসনে ভর্তি নিয়ে ছাত্র নেতৃবৃন্দের সাথে কলেজ প্রশাসনের বিরোধ বাধে। এ বিরোধ গত কয়েক দিনে আরও জটিল আকার ধারণ করেছে। কলেজ প্রশাসন শূন্য আসনগুলোতে ভর্তি পরীক্ষায় যারা উত্তীর্ণ হয়েছে, তাদের মধ্যে থেকে মেধানুসারে ভর্তির ব্যবস্থা নিলে কলেজ ক্যাম্পাসে গত ১৯ মার্চ বোমাবাজি হয়। ছাত্র নেতৃবৃন্দ এ ক্ষেত্রে 'রাজনৈতিক কোটা' দাবি করছে। কিন্তু কলেজ প্রশাসন তাদের দাবি পূরণ না করায় কলেজে অচলাবস্থা সৃষ্টি হয় বলে একাধিক সূত্র জানায়। তবে ছাত্র নেতৃবৃন্দ অনার্স কোর্সে রাজনৈতিক কোটা দাবির কথা অস্বীকার করে বলেছে ১১ দফা ন্যায্য দাবিতে কলেজে আন্দোলন চলছে এবং তালা ঝুলানো হয়েছে। এদিকে রবিবার কলেজ প্রশাসন ছাত্র সংগঠনগুলোর সঙ্গে বিরোধ মীমাংসায় এক বৈঠকে বসলেও সেখানে কোন সমাধান ছাড়াই বৈঠক শেষ হয়। অপরদিকে কলেজে বিরাজমান বর্তমান অবস্থায় চলতি মাসের শেষে অনার্স পার্ট-১ ও মাস্টার্স পূর্ব-ভাগ পরীক্ষার ব্যাপারে নানামুখী অনিশ্চয়তার সৃষ্টি হয়েছে।